ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# রোজদিন




বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

ROSEDIN ● Vol. - 2 ● Issue - 069 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in

ই-পেপার ● বর্ষ ঃ ৬ ● সংখ্যা ঃ ০৬৯ ● কলকাতা ● ২৮ ফাল্গুন, ১৪৩২ ● শুক্রবার ● ১৩ মার্চ ২০২৬ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## ব্রিগেডে প্রধানমন্ত্রীর অনুষ্ঠানে আমন্ত্রণ মুখ্যমন্ত্রীকে



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ব্রিগেডে প্রধানমন্ত্রীর অনুষ্ঠানে মুখ্যমন্ত্রীকে আমন্ত্রণ জানানো হল। আমন্ত্রণ জানিয়ে মমতা বন্দ্যোপাধ্যায়কে চিঠি দিয়েছেন কেন্দ্রীয় সড়ক পরিবহণমন্ত্রী। উল্লেখ করা হয়েছে, 'শনিবার ব্রিগেডে আসছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। পশ্চিমবঙ্গে চলছে হাইওয়ের একাধিক প্রকল্পের কাজ। জাতীয় সড়ক-সহ একাধিক প্রকল্পের সূচনা করবেন প্রধানমন্ত্রী।'বিহারে N D A - র জয়ের পরই, প্রধানমন্ত্রী বুঝিয়ে দিয়েছিলেন, এবার মিশন পশ্চিমবঙ্গ। ২০২৫-এ ৫ বার পশ্চিমবঙ্গে এসেছেন প্রধানমন্ত্রী। চলতি বছর জানুয়ারিতে মালদা ও সিঙ্গুরে সভা করেছেন। শনিবার কলকাতায় ব্রিগেডে সভা করবেন নরেন্দ্র মোদি। ২০২১-এর বিধানসভা ভোটের আগেও মার্চ মাসে ব্রিগেডে সভা করেছিলেন প্রধানমন্ত্রী। সেবার ২০০ আসন জয়ের টার্গেট নিলেও, ৭৭-এই থামতে হয়েছিল বিজেপিকে। এবার কী হবে ? সেদিকেই নজর সকলের।

সেই অনুষ্ঠানে থাকার জন্য মুখ্যমন্ত্রীকে আমন্ত্রণ জানানো হয়েছে। ব্রিগেডে আসতে মমতা

এরপর ৩ পাতায়

### পর্ব 228

## হিমালয়ের সমর্পণ যোগ



এই ফাঁক কেবল আত্মীয় সম্বন্ধ দিয়েই ভরাট করা যেতে পারে।

আমারও বলা সব কথা যদি তোমারও বোধগম্য না হয়, তোমার ওরকম অভিজ্ঞতা না থাকে, তোমার জ্ঞান না থাকে, তোমার তার অনুভূতি না হয়ে থাকে তাহলে আমার কথায় বিশ্বাস রাখ, ওসব তখনই বুঝতে পারবে। যদি বিশ্বাস না কর, তবে ওসব অবিশ্বাস্য লাগবে কারণ সময়ের এক বড় ব্যবধান মধ্যে আছে। **ক্রমশঃ**

ভর্তি চলছে

# ভবানী চাইল্ড ইনস্টিটিউট

স্থাপিত ঃ ১৯৯৩

BHABANI CHILD INSTITUTE
24 PARGANAS (SOUTH)

২০২৬ শিক্ষাবর্ষে নার্সারি শ্রেণির পঠন-পাঠন শুরু হবে ৪ঠা ডিসেম্বর, ২০২৫ বৃহস্পতিবার থেকে







আসন সংখ্যা সীমিত। অভিভাবকদের নীচের মোবাইল নম্বরে যোগাযোগ করার জন্য জানানো যাচ্ছে।

ভর্তির সময় ঃ সকাল ৯টা থেকে বেলা ১টা

যোগাযোগ ঃ 9083249944 / 9083249933 / 9083249922

# ১৬ মার্চ বাংলার বিধানসভা নির্বাচনের নির্ঘণ্ট ঘোষণা, নববর্ষের পরই প্রথম দফার ভোট!




**স্টাফ রিপোর্টার, রোজদিন**

এসআইআরের খসড়া তালিকায় বাদ পড়েছিল ৫৮ লক্ষ নাম। তারপর আনম্যাপড, লজিকাল ডিসক্রিপেন্সি নামক টোটকা সামনে নিয়ে আসে নির্বাচন কমিশন। যার প্রেক্ষিতে মামলা গড়ায় সুপ্রিম কোর্টে। অবশেষে শীর্ষ আদালতের নির্দেশ মেনে ২৮ ফেব্রুয়ারি পশ্চিমবঙ্গে প্রথম দফার চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করে নির্বাচন কমিশন।তাছাড়া ইতিমধ্যেই সুপ্রিম কোর্ট স্পষ্ট করে জানিয়ে দিয়েছে, বিধানসভা নির্বাচন ঘোষণায় কোনও বাধা নেই। আর ৬০ লক্ষের মধ্যে ১০ লক্ষ আবেদনের নিষ্পত্তিও ইতিমধ্যেই হয়ে গিয়েছে। তার মধ্যে ৩ লক্ষ ৪ হাজারের মতো আবেদন খারিজ হয়েছে। সাপ্লিমেন্টারি তালিকা কেমন ভাবে প্রকাশ করা হবে সেটা কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি ঠিক করবেন বলেও জানিয়েছে দেশের শীর্ষ আদালত। আর সেই নির্দেশ অনুযায়ী, আজ বৃহস্পতিবারই কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পালের সঙ্গে বৈঠকে বসতে চলেছে সিইও দফতর।তাতে বাতিল করা হয়েছে আরও ৫ লক্ষ ৪৬ হাজার ৫৩ জনের নাম। অর্থাৎ, ২০২৫ সালের তালিকার নিরিখে বাদের খাতায় মোট ৬৩ লক্ষেরও বেশি ভোটার। এমনকী ৬০ লক্ষ ভোটার এখনও 'বিচারাধীন' (অ্যাডজুডিকেশন)। এই আবহে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে সভা করতে আসছেন। আগামী শনিবার সেই সভা শেষ হওয়ার পর বাংলার বিধানসভা নির্বাচনের নির্ঘণ্ট ঘোষণা করবে নির্বাচন কমিশন বলে সূত্রের খবর।

এদিকে পশ্চিমবঙ্গ-সহ ৫ রাজ্যে কবে ভোট ঘোষণা করা হবে? এই প্রশ্নের উত্তর জানতে কৌতূহল সকলের। এবার এই নিয়ে একপ্রকার সিদ্ধান্ত চূড়ান্ত করে ফেলেছে নির্বাচন কমিশন। বাংলার সঙ্গে বিধানসভা নির্বাচন হবে কেরলম, তামিলনাড়ু, অসম এবং পদুচেরিতে। যদি নির্বাচন কমিশন সিদ্ধান্ত বদল না করে তাহলে আগামী ১৬ মার্চ সোমবার বাংলা-সহ এই ৫ রাজ্যে বিধানসভা নির্বাচনের নির্ঘণ্ট ঘোষণা করবেন মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার বলে সূত্রের খবর। যাঁকে নিয়ে গোটা দেশে বিতর্ক তৈরি হয়েছে। এখনও চূড়ান্ত ভোটার তালিকা নিয়ে কাজ করছেন বিচারবিভাগীয় অফিসাররা। তার মধ্যেই সূত্র মারফত এঅই খবর মিলেছে।

অন্যদিকে কত দফায় বাংলায় ভোট হবে? এই প্রশ্নও উঠতে শুরু করেছে। সূত্রের খবর, দু'দফায় ভোট করার সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন। তবে তা তিন দফাতেও হতে পারে পরিস্থিতির নিরিখে। আগামী ১৬ মার্চ বাংলার বিধানসভা নির্বাচন ঘোষণা হলে প্রথম দফার ভোটের আগে অন্তত ২৮ থেকে ৩০ দিন সময় দিতে হবে। এটাই নিয়ম। সুতরাং আগামী এপ্রিল মাসের মাঝামাঝি বা তৃতীয় সপ্তাহে হবে প্রথম দফার নির্বাচন। সেক্ষেত্রে এপ্রিলের মধ্যেই ভোটগ্রহণ এবং ফলাফল ঘোষণা হয়ে যেতে পারে। তবে অসম, তামিলনাড়ু, কেরলম, পদুচেরিতে এক দফায় ভোট হবে। সেটা শেষ করেই বাংলায় ভোট হবে।

# বুধের সন্ধ্যায় ৬ ঘণ্টায় চুলচেরা বৈঠকে নাড্ডা-শাহ-শমীক-শুভেন্দু

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



বুধবার সন্ধ্যায় জে পি নাড্ডার বাড়িতে দীর্ঘ ৬ ঘণ্টার বৈঠক। সেই বৈঠকে যোগ দেন স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, বিজেপি সভাপতি নীতিন নবীন সহ বঙ্গ বিজেপির নেতৃত্ব। ৬ ঘণ্টার দীর্ঘ সেই বৈঠকে বাংলার প্রতিটি আসন ধরে ধরে বিস্তারিত আলোচনা হয়। আর তারপরই জোরালো জল্পনা বিধানসভা ভোটের জন্য বাংলার ২৯৪ আসনের প্রার্থী কি চূড়ান্ত করে ফেলেছে বিজেপি?প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে দলের পুরনো কর্মী ও সংগঠনের সঙ্গে দীর্ঘদিন যুক্ত নেতাদের অগ্রাধিকার দেওয়া হতে পারে বলেই প্রাথমিকভাবে ইঙ্গিত মিলেছে। এবার বৃহস্পতিবার সন্ধ্যায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে বিজেপির কেন্দ্রীয় নির্বাচনী কমিটির বৈঠক। জানা যাচ্ছে, ওই বৈঠকেই কেরল ও পশ্চিমবঙ্গের প্রথম দফার প্রার্থী তালিকা চূড়ান্ত হতে পারে। এমনটাই খবর দলীয় সূত্রে।শুধু মোদীর অনুমোদনের অপেক্ষা। বুধবার সন্ধ্যায় জেপি নাড্ডার

এরপর ৩ পাতায়

# নবান্নের দিকে থাকবে না জানলা, ছাদের উপরে তুলতে হবে পাঁচিল! শর্ত খারিজ করে দিল হাইকোর্ট



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

বাড়ি তৈরির অনুমতি দিতে বাড়ির মালিককে ১৭ দফা শর্ত দিয়েছিল হাওড়া পুরসভা। তার মধ্যে অন্যতম শর্ত ছিল নবান্নের দিকে মুখ করে কোনও জানলা অথবা বারান্দা রাখা যাবে না। নবান্ন যাতে দেখা না যায় তা নিশ্চিত করতে ছাদের উপরেও ১০ মিটার উঁচু পাচিল তুলতে হবে।এ দিন মামলার রায় দিতে গিয়ে এই জোড়া শর্তই খারিজ করে দিয়েছে কলকাতা হাইকোর্ট। পাশাপাশি, পুলিশের দেওয়া আরও একটি শর্তের মধ্যে ছিল, ওই বহুতলে যাঁরা ভাড়া নেবেন অথবা ফ্ল্যাট কিনবেন, তাঁদের ক্রাইম ইনসিডেন্ট ভেরিফিকেশন করাতে হবে। এই শর্তটিও খারিজ করে দিয়েছে হাইকোর্ট।শেষ পর্যন্ত অবশ্য হাওড়া পুরসভার দেওয়া তিনটি শর্ত খারিজ করে দেওয়ার পাশাপাশি ওই বাড়ি তৈরির অনুমতি দেওয়ার নির্দেশ দিল কলকাতা হাইকোর্ট।বুধবার কলকাতা হাইকোর্টের বিচারপতি গৌরাঙ্গ কান্তের বেঞ্চ এই নির্দেশ দেয়।

নবান্ন থেকে ১০০ মিটার দূরে হাওড়া পুরসভার ৩৩ নম্বর ওয়ার্ডে ৫ তলা ওই বাড়িটি তৈরির পরিকল্পনা করেছিলেন জমির মালিক। বছর সাতেক আগে হাওড়া পুরসভায় প্রস্তাবিত বাড়িটির নকশা অনুমোদনের জন্য জমা দেওয়া

এরপর ৩ পাতায়

(১ম পাতার পর)

# ব্রিগেডে প্রধানমন্ত্রীর অনুষ্ঠানে আমন্ত্রণ মুখ্যমন্ত্রীকে

বন্দ্যোপাধ্যায়কে চিঠি পাঠিয়েছেন নিতিন গডকড়ী।

এ প্রসঙ্গে তৃণমূলের রাজ্য সাধারণ সম্পাদক কুণাল ঘোষ বলেন, "নীতিন গডকড়ি বিজেপির দেউলিয়া রাজনীতির নাটক করছেন। ব্রিগেডে তো এমনি লোক হবে না। ফ্লপ। অন্য রাজ্য থেকে, এদিক-ওদিক থেকে এনে একটা ...। কিন্তু, সেটা তো রাজনৈতিক সভা আগে থেকে ঘোষিত...ওদের বিজ্ঞাপন বেরিয়ে গেছে। ওরা যেখানে প্রচার করছে, যেখানে লোক আনার জন্য মরিয়া হয়ে ছুটে বেড়াচ্ছেন, লোক হচ্ছে না...জেলার জেলার পরিবর্তন যাত্রা ফ্লপ। এখন এই ধরনের নাটক করে লোক টানার চেষ্টা।" পাল্টা বিজেপি বিধায়ক শঙ্কর ঘোষ বলেন, "যুক্তরাষ্ট্রীয় কাঠামোয় এটাই স্বাভাবিক। যে, কেন্দ্রীয় প্রকল্প যে রাজ্যের উদ্বোধন হবে সেখানে প্রধানমন্ত্রী উপস্থিত থাকলে মুখ্যমন্ত্রী উপস্থিত থাকবেন। এটাই শোভনীয়। তবে, আমাদের রাজ্যে তো এই ঘটনা বিরল। রাজ্যের সরকার তার যে কোনও অনুষ্ঠানে বিরোধীদের ব্রাত্য করে রাখেন। এই শিক্ষা অন্তত কেন্দ্রের সরকারের নেই। সেটা এই ঘটনা থেকে প্রমাণিত।"

সামনেই বিধানসভা ভোট। তার আগে SIR ইস্যুকে সামনে রেখে ধর্মতলায় ধর্নায় বসেছিলেন মমতা বন্দ্যোপাধ্যায়। যা নিয়ে সরগরম হয়ে ওঠে রাজ্য রাজনীতি। এই আবহে ফের রাজ্যে আসছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। ১৪ মার্চ, শনিবার ব্রিগেডে বিজেপির পরিবর্তন সংকল্প সভায় বক্তৃতা দেবেন তিনি। সোমবার ব্রিগেডের সভার প্রস্তুতি খতিয়ে দেখে বিজেপির প্রতিনিধি দল। প্রধানমন্ত্রীর ব্রিগেডের সভা নিয়ে লালবাজারে পুলিশ কর্তাদের সঙ্গে বৈঠক করেন বিজেপির প্রতিনিধিরা। বিজেপি নেতা রাজু বন্দ্যোপাধ্যায় বলেন, "মহামহিম রাষ্ট্রপতি তাঁকে যেভাবে, তাঁর কার্যক্রমকে এক জায়গা থেকে আরেক জায়গায় সরিয়ে দেওয়া হল নজিরবিহীন ভাবে, তাই জন্য আমরা আশঙ্কা করছি যে, বাংলার মুখ্যমন্ত্রী যিনি সংবিধান মানেন না, তারা আমাদের সঙ্গে কতটা সহযোগিতা করবেন। আর তাইজন্য আমরা তো আমাদের নিজেদের ব্যবস্থা রাখছি।"

(২ পাতার পর)

# বুধের সন্ধ্যায় ৬ ঘণ্টায় চুলচেরা বৈঠকে নাড্ডা-শাহ-শমীক-শুভেন্দু

বাড়িতে বিজেপির বৈঠকে যোগ দিতে পৌঁছে যান বঙ্গ বিজেপির কোর কমিটি শমীক ভট্টাচার্য, শুভেন্দু অধিকারী, অমিত মালব্য-সহ অন্যরা। বৈঠকে যোগ দেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহও। বিজেপি সূত্রে আগেই জানা গিয়েছিল যে, প্রার্থী তালিকা নিয়েই আলোচনা হবে সেই বৈঠকে।

পশ্চিমবঙ্গ বিধানসভা ভোটের দিনক্ষণ ঘোষণা হওয়া এখন শুধু সময়ের অপেক্ষা। তাই বাংলার আসন্ন নির্বাচনকে সামনে রেখে প্রার্থী বাছাই নিয়ে জোর তৎপরতা ইতোমধ্যেই শুরু করেছে বিজেপি। সেই লক্ষ্যেই বুধবার রাতে দিল্লিতে দলের শীর্ষ নেতৃত্ব বৈঠক বসে। সন্ধ্যা সাড়ে ৬টা থেকে রাত প্রায় সাড়ে ১২টা, প্রায় ৬ ঘণ্টা বৈঠকের পর জেপি নাড্ডার বাসভবন থেকে বেরিয়ে যান কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। বৈঠকে অমিত শাহ ও জেপি নাড্ডার পাশাপাশি উপস্থিত ছিলেন ভূপেন্দ্র যাদব, বিপ্লব দেব, বিএল সন্তোষ, অমিত মালব্য এবং নীতিন নবীনও। ছিলেন পশ্চিমবঙ্গ বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য, শুভেন্দু অধিকারী, অমিতাভ চক্রবর্তীরা। সূত্রের খবর, বৈঠকে বাংলার প্রতিটি আসন ধরে ধরে বিস্তারিত আলোচনা হয়েছে।

(২ পাতার পর)

# নবান্নের দিকে থাকবে না জানলা, ছাদের উপরে তুলতে হবে পাঁচিল! শর্ত খারিজ করে দিল হাইকোর্ট

হয়।

এর পরই হাওড়া পুরসভার পক্ষ থেকে আবেদনকারী ওই ব্যক্তিকে কলকাতা পুলিশের তৈরি ১৭ দফা ওই শর্ত ধরানো হয়। নবান্ন যেহেতু রাজ্যের প্রধান সচিবালয় এবং হাই সিকিউরিটি জোনের মধ্যে পড়ে, তাপ উপর সেখানে মুখ্যমন্ত্রীও দফতর রয়েছে, তাই নতুন বাড়ির ক্ষেত্রে বেশ কিছু নির্দেশিকা, জারি করে রেখেছে কলকাতা পুলিশ। নতুন বাড়ি তৈরির ক্ষেত্রে পুলিশের ওই নির্দেশিকাতে দেওয়া শর্তগুলি মানতে হয় আবেদনকারীকে।

এ ক্ষেত্রে অবশ্য কলকাতা পুলিশ এবং হাওড়া পুরসভার দেওয়া বেশ কয়েকটি শর্তের যৌক্তিকতা নিয়ে প্রশ্ন তুলে হাইকোর্টে মামলা করেন জমির মালিক। নবান্নের দিকে জানলা, বারান্দা না রাখতে দেওয়া, ছাদের উপরে দশ মিটার উচ্চতার পাঁচিল তোলার শর্ত নিয়ে প্রশ্ন তোলা হয়। আবাসিক বাড়িতে এই ধরনের শর্ত মানা সম্ভব নয় বলেই যুক্তি দেন মামলাকারীর আইনজীবী।

# সিইও দফতরকে জরুরি বৈঠকে ডাকলেন প্রধান বিচারপতি, দ্রুত নিষ্পত্তিতে পদক্ষেপ



স্টাফ রিপোর্টার, রোজদিন

এসআইআরের খসড়া তালিকায় বাদ পড়েছিল ৫৮ লক্ষ নাম। তারপর আনম্যাপড, লজিকাল ডিসক্রিপেন্সি নামক টোটকা সামনে নিয়ে আসে নির্বাচন কমিশন। যার প্রেক্ষিতে মামলা গড়ায় সুপ্রিম কোর্টে। অবশেষে শীর্ষ আদালতের নির্দেশ মেনে ২৮ ফেব্রুয়ারি পশ্চিমবঙ্গে প্রথম দফার চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করে নির্বাচন কমিশন।তাছাড়া নির্বাচন কমিশনের কাজে অনাস্থা প্রকাশ করেই জুডিশিয়াল অফিসারদের নিয়োগ করা হয়েছিল। সুপ্রিম কোর্টের নির্দেশেই তাঁরা কাজ করে চলেছেন। কিন্তু প্রশ্ন ওঠে, জুডিশিয়াল অফিসারদের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল কোথায় করা যাবে? তখনই একটি ট্রাইবুনাল গঠনের নির্দেশ দেয় দেশের শীর্ষ আদালত। অমীমাংসিত ভোটারদের বিষয়ে জুডিশিয়াল অফিসারদের সিদ্ধান্তের বিরুদ্ধে আবেদন এই ট্রাইবুনালের কাছেই জানাতে হবে বলে নির্দেশ দেওয়া হয়েছে। আর ওই নির্দেশ কার্যকর করার লক্ষ্যেই আজ কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতির সঙ্গে বৈঠকে বসতে চলেছে নির্বাচন কমিশন।তাতে বাতিল করা হয়েছে আরও ৫ লক্ষ ৪৬ হাজার ৫৩ জনের নাম। অর্থাৎ, ২০২৫ সালের তালিকার নিরিখে বাদের খাতায় মোট ৬৩ লক্ষেরও বেশি ভোটার। এমনকী ৬০ লক্ষ ভোটার এখনও 'বিচারাধীন' (অ্যাডজুডিকেশন)। এই আবহে আজ, বৃহস্পতিবার কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পালের সঙ্গে বৈঠকে বসতে চলেছে সিইও দফতর।

এদিকে সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি সূর্য কান্তের বেঞ্চ

এরপর ৪ পাতায়

## সম্পাদকীয়

### জ্ঞানেশ কুমারকে সরাতে সই সংগ্রহ তৃণমূলের

মঙ্গলবার কলকাতায় যখন সাংবাদিকদের মুখোমুখি জ্ঞানেশ কুমার। সেই সময় নিজের ধরনা মঞ্চে ক্যানভাসে একটি ছবি আঁকলেন তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়। যার সারমর্ম SIR। আর সেই ছবিতে বড় বড় অক্ষরে লেখা 'ভ্যানিশ'। দেশের মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের বিরুদ্ধে এটাই তৃণমূলের স্পষ্ট অবস্থান।তা হলে সম্ভব অপসারণ। উল্লেখ্য, দেশে ভোটার তালিকার নিবিড় পরিমার্জন শুরুর পর থেকেই বিরোধী দল গুলির নিশানায় ছিলেন জ্ঞানেশ কুমার। বেশির ভাগের অভিযোগ, বিজেপি কথাতেই প্রতিটি রাজ্যজুড়ে বৈধ ভোটারদের চিহ্নিত করে বাদের চক্রান্ত করছেন তিনি। বিশেষ ভাবে পশ্চিমবঙ্গে বেছে বেছে ভোটারদের বাদ দেওয়া হচ্ছে বলেও অভিযোগ তোলে তৃণমূল। এই অভিযোগের ক্ষেত্রকে আরও মজবুত করে ৬০ লক্ষ বিবেচনাধীন ভোটার। খোদ অভিষেক বন্দ্যোপাধ্যায় প্রশ্ন তুলেছিলেন, রাতারাতি কীভাবে এই বিবেচনাধীন ভোটারের সংখ্যা ৬০ লক্ষে পৌঁছে গেল?

এবার সেই অবস্থানকেই সংসদীয় পরিসরে ব্যবহার করতে চায় তৃণমূল। জ্ঞানেশ কুমারের বিরুদ্ধে আনতে চায় অপসারণ প্রস্তাব। সেই মর্মে সংশ্লিষ্ট নোটিসে স্বাক্ষর সংগ্রহের কাজও প্রায় শেষ হয়ে গিয়েছে। সূত্রের খবর, আগামিকালই সেই ইমপিচমেন্ট নোটিস সংসদে পেশ করবে তৃণমূল। তবে কতজনের স্বাক্ষর সংগ্রহ করা হয়েছে?

সূত্রের খবর, ওই নোটিসটিতে এখনও পর্যন্ত লোকসভার ১৩০ জন সাংসদ এবং রাজ্যসভার ৬৩ জন সাংসদ স্বাক্ষর করা হয়েছে। সুতরাং, মোট স্বাক্ষরের সংখ্যা দাঁড়াল ১৯৩ জন। নোটিস পেশের নিয়ম অনুযায়ী, মুখ্য নির্বাচন কমিশনারের অপসারণ চাইতে গেলে লোকসভার নোটিসে কমপক্ষে ১০০ জন সাংসদের স্বাক্ষর প্রয়োজন। রাজ্যসভার ক্ষেত্রে ৫০ জন সাংসদের স্বাক্ষর প্রয়োজন।

ফলে প্রয়োজনীয় সংখ্যা পেরিয়ে গিয়েছে বললেই চলে। আর জ্ঞানেশ কুমারের ইমপিচমেন্ট প্রস্তাবের মাধ্যমে আবারও ইন্ডিয়া জোটের কিছুটা দূরত্ব কমেছে বললেও ভুল হবে না। তবে অতীতে মুখ্য নির্বাচন কমিশনারের বিরুদ্ধে ইমপিচমেন্ট প্রস্তাব আনার কোনও নজির নেই। সংসদীয় নিয়ম বলছে, মুখ্য নির্বাচন কমিশনারকে অপসারণের জন্য প্রথমে প্রস্তাব লোকসভা এবং রাজ্যসভায় পেশ হবে। সেই নিরিখে ভোটের মাধ্যমে দুই তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতে প্রস্তাব পাশ হওয়া প্রয়োজন।

# সুন্দরবনবাসির রক্ষাকর্তা বনের মা বনবিবি দেবী





মৃত্যুঞ্জয় সরদার

(চতুর্থ পর্ব)

থাকলেও গবেষণার মুহূর্তটাকে তুলে ধরতে বাধ্য হলাম, তবে সে তথ্যচিত্রটি যেকোনো কারণে রিলিজ করা সম্ভব হয়নি।মানুষ সামাজিক জীব, সমাজবদ্ধ হয়ে বাস করবার প্রয়োজনে নানা কর্মসূত্রকে আশ্রয় করে এক একটি সমাজ সে গড়ে তোলে নিজেরই পরিপূর্ণ বিকাশের জন্য। মানব জীবন এগিয়ে চলে সমাজ - সংসার – প্রাকৃতিক পরিবেশ ও নিজস্ব বিশ্বাসকে আঁকড়ে ধরে। সমস্ত কিছুর মধ্যে দিয়ে নিজেকে এবং নিজস্বতাকে প্রমাণ করতে চায়, তাই নিজস্বতার কারণে অন্যের থেকে স্বতন্ত্র হয়ে পড়ে। এই

ক্রমশঃ

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

(৩ পাতার পর)

## সিইও দফতরকে জরুরি বৈঠকে ডাকলেন প্রধান বিচারপতি, দ্রুত নিষ্পত্তিতে পদক্ষেপ

বিচারাধীন ভোটারদের সমস্যার দ্রুত নিষ্পত্তি করার জন্য একটি ট্রাইবুনাল গঠনের নির্দেশ দিয়েছেন। কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতির পরামর্শেই এই ট্রাইবুনাল বেঞ্চ তৈরি করার কথা বলা হয়েছে। ইতিমধ্যেই কলকাতায় এসে ঘুরে গিয়েছে নির্বাচন কমিশনের ফুলবেঞ্চ। এই চূড়ান্ত ভোটার তালিকা যা প্রকাশ হয়েছে তা নিয়ে তখন আলোচনা হয়েছিল। কী কী আলোচনা হয়েছে এবং নিষ্পত্তিতে কেমন পদক্ষেপ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে- সমস্ত বিষয় জানতে চান কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি। তাই সিইও দফরের অফিসারদের বৈঠকে ডাকা হয়েছে।

অন্যদিকে এই বৈঠকে উপস্থিত থাকার কথা মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগরওয়াল। সমস্ত নথি নিয়ে তিনি হাজির হবেন বলে জানা গিয়েছে। অতিরিক্ত তালিকা এবং ট্রাইবুনাল গঠন মূলত এই দুই বিষয় নিয়েই আলোচনা হবে বৈঠকে বলে সূত্রের খবর। বৈধ ভোটারদের নাম যাতে বাদ না যায় সেদিকে বিশেষ লক্ষ্য রাখা হয়েছে। কারণ ওটাই সুপ্রিম কোর্টের নির্দেশ। খসড়া তালিকা এবং চূড়ান্ত ভোটার তালিকার মধ্যে মিল নেই বলে আগেই অভিযোগ উঠেছিল। বিপুল পরিমাণ বৈধ ভোটারের নাম বাদ দেওয়া হয়েছে বলেও অভিযোগ। শুধু তাই নয়, বিচারাধীন রাখা হয়েছে বিপুল ভোটারের নাম। সেসব দ্রুত নিষ্পত্তি করতে চান প্রধান বিচারপতি। তাই এই বৈঠক ডাকা হয়েছে বলে খবর।

## বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



-: মৃত্যুঞ্জয় সরদার :-

মাতৃগণের সৌম্য ও সশস্ত্র, প্রাণঘাতী ও প্রসন্ন রূপের সহাবস্থান থেকে বুঝতে পারি, ভয়াল কালীর সৌম্যরূপের অত্যন্ত সুপ্রাচীন ট্র্যাডিশন, এ কোনও অর্বাচীন ঘটনা নয়।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# আইডিএফসি ফার্স্ট ব্যাংক 583 কোটি টাকা সরকারি অর্থ প্রদানের মাধ্যমে আস্থা নিশ্চিত করেছে নীতি-ভিত্তিক পদ্ধতির জন্য হরিয়ানা সরকার বিভাগ আইডিএফসি ফার্স্ট ব্যাংককে ধন্যবাদ জানিয়েছে

**মুম্বাই, 2026:** আইডিএফসি ফার্স্ট ব্যাংক চণ্ডীগড়ের একটি শাখায় হরিয়ানা সরকারের কিছু বিভাগের অ্যাকাউন্টের সাথে সম্পর্কিত একটি ঘটনার সাম্প্রতিক প্রকাশের কথা উল্লেখ করেছে।

প্রাথমিক অনুসন্ধানে দেখা গেছে যে শাখার কিছু কর্মচারী জাল কাগজপত্র এবং অর্থপ্রদানের নির্দেশাবলী সাফ করার ক্ষেত্রে জালিয়াতির সাথে কাজ করেছেন, সম্ভবত বহিরাগত পক্ষের সাথে যোগসাজশে। বিষয়টি বর্তমানে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের তদন্তাধীন।


তদন্ত চলমান থাকা সত্ত্বেও, ব্যাংক তাৎক্ষণিকভাবে হরিয়ানা সরকারের সংশ্লিষ্ট বিভাগগুলির দাবি করা মূলধন এবং সুদের 100%, যার পরিমাণ 583 কোটি টাকা, পরিশোধ করেছে। পরবর্তী দাবি বা পুনর্মিলনের উপর নির্ভর করে চূড়ান্ত ফাইনাল পেমেন্ট পরিবর্তিত হতে পারে।

হরিয়ানা সরকারের সংশ্লিষ্ট বিভাগগুলি বিষয়টি মোকাবেলায় ব্যাংকের নীতিগত দৃষ্টিভঙ্গি, তাৎক্ষণিক পদক্ষেপ এবং পেশাদার আচরণের জন্য ধন্যবাদ ও প্রশংসা করেছে। হরিয়ানা সরকার এবং আইন প্রয়োগকারী সংস্থাগুলির পূর্ণ সহায়তায় আইডিএফসি ফার্স্ট ব্যাংক জালিয়াতির অপরাধীদের বিরুদ্ধে লড়াই করতে এবং তাদের বিচারের আওতায় আনতে বদ্ধপরিকর।

আইডিএফসি ফার্স্ট ব্যাংক আর্থিকভাবে শক্তিশালী এবং পুঁজিতে সমৃদ্ধ। 31 ডিসেম্বর, 2026 তারিখে, ব্যাংকটি ক্রিসিল দ্বারা ফিক্সড ডিপোজি টের জন্য এএএ রেটিং পেয়েছে এবং ক্রিসিল, আইসিআরএ , ইন্ডিয়া রেটিং এবং কেয়ার থেকে এএ+ দীর্ঘমেয়াদী রেটিং রয়েছে। এর মোট গ্রাহক ব্যবসা (ঋণ এবং আমানত) ₹562090 কোটিতে দাঁড়িয়েছে, যা বছরের পর বছর ধরে 22.6% বেশি। সম্পদের মান ভালো, জিএনপিএ 1.69% এবং নেট এনপিএ 0.53 %। ব্যাংকের মূলধন পর্যাপ্ততা অনুপাত 16.22% এবং এর কাসা অনুপাত 51.6%।

ব্যাংকের ইউনিট অর্থনীতি শক্তিশালী। তৃতীয় প্রান্তিকে এর নেট ইন্টারেস্ট মার্জিন 5.76% এ সুস্থ। ব্যাংকটি বিনিয়োগের পর্যায়ে রয়েছে এবং ভবিষ্যতের একটি বৃহৎ, বৈচিত্র্যপূর্ণ ব্যাংক হিসেবে পণ্য নির্মাণ, প্রযুক্তি, বিতরণ, শাখা, এটিএম, গ্রামীণ ব্যাংকিং, কর্পোরেট ব্যাংকিং, নগদ ব্যবস্থাপনা, বাণিজ্য, এনআরআই, ক্রেডিট কার্ড এবং অন্যান্য সর্বজনীন ব্যাংকিং সমাধানে বিনিয়োগ করছে। আগামী কয়েক বছরে, আমরা আশা করি যে এই বিনিয়োগ থেকে প্রাপ্ত অপারেটিং লিভারেজ 2027 অর্থবছরের পর থেকে আয় এবং শক্তিশালী মুনাফায় প্রতিফলিত হবে।

ব্যাংকটি আধুনিক প্রযুক্তি স্থাপত্য এবং উন্নত ডিজিটাল অবকাঠামোর উপর নির্মিত, যা উন্নত গ্রাহক অভিজ্ঞতা প্রদানে সহায়তা করে। আন্তর্জাতিকভাবে স্বীকৃত গবেষণা সংস্থা ফরেস্টারের দ্বারা এর মোবাইল ব্যাংকিং প্ল্যাটফর্মটি বিশ্বব্যাপী দ্বিতীয় স্থানে রয়েছে এবং গুগলে 4.9 এবং আইওএসে 4.8 এর উচ্চ গ্রাহক রেটিং পেয়েছে।




পত্রিকা দপ্তর ও কুইনপ্রেসে চিঠিপত্র, লেখালেখি ও সংবাদ পাঠাতে হলে যোগাযোগ করুন নিচের দেওয়া ঠিকানা ও মোবাইল নম্বরে

কুইন প্রেস ও পত্রিকা দপ্তর

Editor
Mrityunjoy Sardar
C/o, Lalu Sardar
Village:Hedia
P.O.:Uttar Moukhali
P.S. : Jibantala
District :South 24 Parganas
Pin:743329(W.B)
Mobile : 9564382031

# পাকিস্তানকে খুশি করতে বঙ্গবন্ধু শেখ মুজিবকে নিষিদ্ধ করলো তারেক রহমান

স্টাফ রিপোর্টার, রোজদিন



**ঢাকা:** হাসিনার সরকার পতনের পর তৎকালীন অন্তঃবর্তী সরকারের প্রধান ইউনূস ঝুঁকেছিলেন পাকিস্তানের দিকে। ভারতের সঙ্গে শত্রুতা বাড়িয়ে পাকিস্তান প্রেমে মেতেছিল। এবার সেই পথেই হাঁটতে দেখা গেল বাংলাদেশের নতুন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনিও পাকিস্তানকে খুশি করতে বঙ্গবন্ধু শেখ মুজিবকে নিষিদ্ধ করলন।মন্ত্রিপরিষদ বিভাগ থেকে বুধবার (১১ মার্চ) এই নির্দেশিকা করা হয়েছে। এর আগের নির্দেশিকাটি ২০২৪ সালের ২৩ অক্টোবর জারি করা হয়েছিল। বর্তমানে সেটা বাতিল হয়ে গিয়েছে। তবে নতুন নির্দেশিকাতেও ক-শ্রেণিতে ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতনের দিনটিকে জুলাই গণঅভ্যুত্থান দিবস পালনের কথা জানানো হয়েছে। তাছাড়া ২০২৪ সালের গণ-আন্দোলন চলাকালে রংপুরে পুলিশের গুলিতে ছাত্র আবু সাঈদের নিহত হওয়ার দিন ১৬ জুলাইকে 'জুলাই শহীদ দিবস' পালন করা হবে বলে উল্লেখ করা হয়েছে। অন্তর্বর্তীকালীন সরকার যে সিদ্ধান্ত নিয়েছিল নতুন বিএনপি সরকারের সময়েও সেটাই বহাল থাকলো। এই বিশেষ দিনগুলোকে তিনটি শ্রেণিতে ভাগ করা হয়েছে। ক-শ্রেণিতে রয়েছে জাতীয় পর্যায়ের ১৭টি দিন। খ-শ্রেণিতে রয়েছে ৩৭টি দিন এবং গ-শ্রেণিতে রয়েছে ৩৫টি দিন। ক ও খ শ্রেণীর অনুষ্ঠান আয়োজনের জন্য সরকারি উৎস থেকে সর্বোচ্চ ৫০ হাজার টাকা বরাদ্দ দেওয়া করা যেতে পারে বলে নির্দেশিকায় উল্লেখ করা হয়েছে। তবে গ শ্রেণীতে থাকা বিশেষ দিনগুলি পালনের জন্য উন্নয়ন খাত থেকে কোনো বিশেষ বরাদ্দ দেওয়া হবে না বলেও জানিয়ে দেওয়া হয়েছে।সরকার নির্ধারিত জাতীয় ও আন্তর্জাতিক দিবসগুলো পালন নিয়ে জারি করা হয়েছে নতুন নির্দেশিকা। অন্তর্বর্তীকালীন সরকার যে পথে হেঁটেছিল সেটাই এবার করলেন তারেক রহমান।

ইউনূস ক্ষমতায় আসার পর বাংলাদেশে ১৭ মার্চ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন ও জাতীয় শিশু দিবস, ৫ অগস্ট শেখ হাসিনার ভাই শহিদ ক্যাপ্টেন শেখ কামালের জন্মবার্ষিকী, ৮ অগস্ট শেখ হাসিনার মা বেগম ফজিলাতুন্নেছা মুজিবের জন্মবার্ষিকী, ১৫ আগস্ট বঙ্গবন্ধুর মৃত্যুবার্ষিকী ও জাতীয় শোক দিবস, ১৮ অক্টোবর শেখ হাসিনার ছোট ভাই শেখ রাসেল দিবস, ৪ নভেম্বর জাতীয় সংবিধান দিবস ও ১২ ডিসেম্বর স্মার্ট বাংলাদেশ দিবস বাতিল করেছিল। বিএনপি সরকারও সেই সিদ্ধান্ত বহাল রাখল।

# নির্বাচনের আগে পুলিশের প্রশিক্ষণ শুরু, কী নির্দেশ আধিকারিকদের?




স্টাফ রিপোর্টার, রোজদিন

বিধানসভা নির্বাচনের আগে সতর্ক কমিশন। আসন্ন নির্বাচন সুষ্ঠ ও শান্তিপূর্ণ করার কথা ঘোষণা করা হয়েছে। নির্বাচনকে রক্তপাতহীন করতে পুলিশের প্রশিক্ষণ ইতিমধ্যে শুরু করেছে রাজ্যের মুখ্য নির্বাচনী দফতর। রাজ্যে আসন্ন নির্বাচনে যাতে কোনওরকম অশান্তি না হয়, তারজন্য আগাম ব্যবস্থা নেওয়া হচ্ছে।উল্লেখ্য, বুথের ভিতরে কোনো অশান্তির হলে, তার অভিযোগ প্রমাণিত হলে সংশ্লিষ্ট বুথে বা ভোটগ্রহণ কেন্দ্রে পুনরায় ভোট করানোর নির্দেশ দেয় কমিশন। কিন্তু এবার পরিস্থিতি বুঝে নিয়মে বদল এনেছে কমিশন। নির্বাচন কেন্দ্রের বাইরে ১০০ মিটারের মধ্যে কোনও আশান্তি হলে, সেখানে পুনর্নির্বাচন করাতে পারে কমিশন। সকল বুথের ভিতরে ওয়েব কাস্টিংয়ের কথা আগেই বলেছে কমিশন। এবার বুথের বাইরে শান্তি বজায় রাখার কথাই বলা হয়েছে। ৫ রাজ্যে নির্বাচন রয়েছে এই বছরে। কিন্তু এই নিয়ম শুধু করা হয়েছে বাংলাতেই। এই নিয়ে প্রশ্ন তুলেছে তৃণমূল কংগ্রেস। তাদের বক্তব্য, কমিশন বাংলায় বিজেপির অঙ্গুলিহেলনে কাজ করছে।

প্রশিক্ষণ শিবিরে জানানো হয়েছে, কোথাও নিয়ম ভঙ্গ হলে, সেখানে পুনরায় নির্বাচন করা হবে। ভোটের কাজে যুক্ত থাকা সকলের ওপরে কড়া নজরদারি থাকবে কমিশনের। কোথাও অশান্তি হলে, সেখানে দায়িত্বপ্রাপ্ত আধিকারিকের বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়া হবে। কলকাতার যুগ্ম পুলিশ কমিশনার ও জেলার অতিরিক্ত পুলিশ সুপার সকলকেই একই বার্তা দেওয়া হয়েছে। ধাপে ধাপে সকলের কাছেই এই তথ্য পৌঁছে দেওয়া হবে।

চলতি বছরে পুলিশ অফিসারদের প্রশিক্ষণে বদল আনা হয়েছে। রক্তপাতহীন ভোট করতে পুলিশ প্রশাসনকে সতর্ক করা হয়েছে। নির্বাচনের নির্ঘণ্ট ঘোষণা হয়নি। তার আগেই রাজ্যে এসে গিয়েছে ৪৮০ কোম্পানি বাহিনী। স্পর্শকাতর এলাকা চিহ্নিত করে কেন্দ্রীয় বাহিনীর টহলের ওপরে গুরুত্ব দেওয়ার কথা বলা হয়েছে। কেন্দ্রীয় বাহিনীর সঙ্গে রাজ্য পুলিশের সমন্বয় করা হচ্ছে। শনিবারের মধ্যে কেন্দ্রীয় বাহিনীকে সকল বুথ এলাকা ঘুরে দেখার কাজ শেষ করার নির্দেশ দেওয়া হয়েছে। কেন্দ্রীয় বাহিনীর ওপরে নজরদারির জন্য গাড়িতে জিপিএস এবং ইউনিফর্মে বডি-ক্যামও ব্যবহার করা হচ্ছে।

# সিনেমার খবর

## ভাই অর্জুনকে নিয়ে ট্রল, জাহ্নবী বললেন 'সবই ভিউ পাওয়ার ধান্দা'

স্টাফ রিপোর্টার, রোজদিন



সোশ্যাল মিডিয়ায় ট্রলিং আর বুলিং যেন বর্তমান সময়ের এক অবিচ্ছেদ্য অংশ হয়ে দাঁড়িয়েছে। সাধারণ মানুষের পাশাপাশি তারকারাও প্রতিনিয়ত এর শিকার হচ্ছেন। তবে সমালোচনা যখন ব্যক্তিগত আক্রমণ বা হেনস্তার পর্যায়ে পৌঁছায়, তখন চুপ থাকা কঠিন হয়ে পড়ে।

সম্প্রতি এক সাক্ষাৎকারে ভাই অর্জুন কাপুরের বিরুদ্ধে চলা লাগাতার অনলাইন বুলিং নিয়ে মুখ খুলেছেন বলিউড অভিনেত্রী জাহ্নবী কাপুর। তিনি স্পষ্ট জানিয়েছেন, নেতিবাচকতা কেবল নেতিবাচকতাকেই উসকে দেয় এবং এই ধরনের আচরণের কোনো যৌক্তিক অজুহাত থাকতে পারে না।

জাহ্নবী মনে করেন, বর্তমানের সোশ্যাল মিডিয়া কালচারে ভাইরাল হওয়া বা ভিউ পাওয়ার নেশায় যে কাউকে বলির পাঁঠা বানানো হচ্ছে। তার মতে, অনেকসময় ট্রলকারীরা কেবল ক্লিকবেট বা এনগেজমেন্ট বাড়ানোর জন্যই তারকাদের নাম ব্যবহার করে থাকে। এর সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তির সত্যিকার কোনো দোষ বা গুণের সম্পর্ক থাকে না।


জাহ্নবী এখন বিষয়গুলোকে বেশ পেশাদার ভাবেই দেখেন। তিনি বিশ্বাস করেন, এসব নেতিবাচক মন্তব্য নিয়ে পাঁচ মিনিটের বেশি মাথা ঘামানো একদমই বোকামি। কারণ, দিনের শেষে সবাই কেবল নিজের প্রচারের জন্যই এই কাজগুলো করছে।

অবশ্য এই পরিণত মানসিকতায় পৌঁছাতে জাহ্নবীর বেশ সময় লেগেছে। ক্যারিয়ারের শুরুতে মা শ্রীদেবীর আকস্মিক প্রয়াণের পর নিজেকে ভীষণ আত্মবিশ্বাসহীন মনে করতেন তিনি। এমনকি সাজগোজ বা ফ্যাশনের প্রতিও আগ্রহ হারিয়ে ফেলেছিলেন তিনি, কারণ এই বিষয়গুলো তাকে মায়ের স্মৃতির কথা মনে করিয়ে দিত। তবে সময়ের সঙ্গে সঙ্গে নিজেকে সামলে নিয়েছেন এই অভিনেত্রী।

বর্তমানে জাহ্নবী তার আসন্ন সিনেমা 'পেড্ডি' নিয়ে ব্যস্ত সময় পার করছেন। বুচি বাবু পরিচালিত এই ছবিতে তাকে দক্ষিণী সুপারস্টার রাম চরণের বিপরীতে দেখা যাবে, যা চলতি বছরের মে মাসে মুক্তি পাওয়ার কথা রয়েছে।

## বিয়ের পর তেমন কোনও পরিবর্তনই আসেনি তাপসীর

স্টাফ রিপোর্টার, রোজদিন



বিয়ের আগে এবং পরের জীবনের মধ্যে সাধারণত যে পার্থক্য থাকে, তার সঙ্গে খাপ খাইয়ে নিতে হিমশিম খান অনেকে। তবে বলিউড অভিনেত্রী তাপসী পান্নু জানিয়েছেন, বিয়ের পর তাকে বিশেষ কোনো পরিবর্তনের মধ্যে দিয়ে যেতে হয়নি।

ডেনমার্কের বাসিন্দা ব্যাডমিন্টন খেলোয়াড় ম্যাথিয়াস বোয়েকে তাপসী বিয়ে করেন ২০২৪ সালের ২৩ মার্চ। বিয়ের আগে ওই খেলোয়াড়ের সঙ্গে এক দশক ধরে প্রেমও করেছেন তিনি।


এনডিটিভি লিখেছে- সম্প্রতি এক সাক্ষাৎকারে বিবাহ পরবর্তী জীবন নিয়ে কথা বলতে গিয়ে তাপসী খোলসা করেছেন, জীবনসঙ্গী হিসেবে তিনি কেন ম্যাথিয়াস বোয়েকে বেছে নিয়েছিলেন।

সে কথার প্রসঙ্গ ধরে তাপসী বলেন, বিয়ে তার জীবনে বিশেষ কোনো পরিবর্তন আনেনি। এমনকী তিনি প্রায় ভুলতেই বসেছিলেন যে তিনি বিবাহিত। তাপসীর কথায়, ম্যাথিয়াস কোনোদিন আলাদা করে কোনো বিষয়ে চাপে রাখেননি। বিয়ের পরেও আমার জীবন একই রকম রয়েছে। আমি মানুষটা যে বিবাহিত, তা প্রায় ভুলতেই বসেছি। তিনি বলেন, বিয়ের আগে আমার একটাই শর্ত ছিল, সব কিছু যেন আগের মতোই থাকে। সম্পর্কের রসায়ন বদলে গেলে বিয়ের কোনো মানে হয় না।"

বিয়ে-সংসার নিয়ে নিজেতে 'পুরনোপন্থি' বলে তুলে ধরেছেন তাপসী। তার কাছে বিয়ে মানে সেটা 'সারাজীবনের বন্ধন'। পাশপাশি আরও বলেন, জীবনসঙ্গী হিসেবে এমন কাউকে চাননি তিনি, যিনি তাপসীর কথায় উঠবেন-বসবেন। ম্যাথিয়াসের সঙ্গে তার সম্পর্ক দীর্ঘ সময় ধরে চলার কারণ তুলে ধরে বলেছেন, তারা দুজনেই বাস্তববাদী। এজন্য একে অপরকে বুঝতে কোনো সমস্যা হয় না।

তাপসীর শেষ সিনেমা 'আসসি' চলছে প্রেক্ষাগৃহে। অনুভব সিনহা পরিচালিত এই সিনেমায় আরও অভিনয় করেছেন কানি কুসরুতি, রেবতী, মনোজ পাহওয়া, কুমুদ মিশ্র, মহম্মদ জিশান আইয়ুব এবং সত্যজিৎ শর্মা।

## ইরানের বিরুদ্ধে যুক্তরাষ্ট্র-ইসরাইলের হামলা, যা বললেন নোরা ফাতেহি



স্টাফ রিপোর্টার, রোজদিন

বিশ্বের বর্তমান অস্থির পরিস্থিতি এবং মধ্যপ্রাচ্যে চলমান সংঘাত নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছেন বলিউড তারকা নোরা ফাতেহি। তিনি বলেন, বিশ্বজুড়ে চলতে থাকা দীর্ঘদিনের সংঘাত ও ট্র্যাজেডির কারণে মানুষ এখন মানসিকভাবে ক্লান্ত।

গত রোববার সামাজিক মাধ্যমে দেওয়া এক ভিডিও বার্তায় নোরা ফাতেহি জানান, ভারতে অবস্থান করলেও মধ্যপ্রাচ্যের বর্তমান ঘটনাবলি তাকে মানসিকভাবে ব্যথিত করছে।

ভিডিও বার্তায় তিনি জানান, বিশ্বজুড়ে চলতে থাকা দীর্ঘদিনের সংঘাত ও ট্র্যাজেডির কারণে মানুষ এখন মানসিকভাবে ক্লান্ত। ভবিষ্যতে পরিস্থিতি আরও কতটা ভয়াবহ হতে পারে, সেই আশঙ্কা জনমনে ভয়ের সৃষ্টি করছে।

অভিনেত্রী বলেন, আর কোনো নিরীহ মানুষের প্রাণহানি যেন না হয়, এটাই চাই। এই কঠিন সময়ে একে অপরের পাশে থাকা, প্রার্থনা এবং মানসিক শক্তি জোগানোই সবচেয়ে জরুরি।

নোরা আরও উল্লেখ করেন, বিশ্ব হয়তো বর্তমানে বড় কোনো পরিবর্তনের মধ্য দিয়ে যাচ্ছে, যার প্রভাব সাধারণ মানুষের জীবনে মানসিক ও অর্থনৈতিকভাবে পড়তে পারে।

কাজের ক্ষেত্রে বর্তমানে নোরা বেশ ব্যস্ত সময় পার করছেন। সম্প্রতি 'দিলবার কি আঁখোঁ কা' গানে তার পারফরম্যান্স দর্শক মহলে বেশ প্রশংসিত হয়েছে। এছাড়া তিনি বর্তমানে কন্নড় ভাষার ছবি 'কেডি: দ্য ডেভিল'-এ একটি গুরুত্বপূর্ণ চরিত্রে অভিনয় করছেন।

# বিশ্বকাপ ব্যর্থতায় কঠিন সিদ্ধান্ত নিচ্ছে আফগানিস্তানও

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

২০২৬ টি-টোয়েন্টি বিশ্বকাপে গ্রুপ পর্ব থেকেই বিদায় নিয়েছে আফগানিস্তান জাতীয় ক্রিকেট দল। টুর্নামেন্ট শুরুর আগে দলটিকে ঘিরে প্রত্যাশা ছিল বেশ উচ্চ। বিশেষ করে উপমহাদেশের কন্ডিশন ও একাধিক ক্রিকেটারের আইপিএল অভিজ্ঞতার কারণে অনেকে তাদের সম্ভাবনাময় দল হিসেবেই দেখছিলেন।

কিন্তু রশিদ খানের নেতৃত্বে এবার সেই প্রত্যাশা পূরণ হয়নি। দলীয় ব্যর্থতার পাশাপাশি অধিনায়ক হিসেবেও প্রভাব রাখতে পারেননি তিনি। ব্যক্তিগতভাবে টি-টোয়েন্টিতে ৭০০ উইকেটের মাইলফলক স্পর্শ করা ছাড়া উল্লেখযোগ্য সাফল্য আসেনি। ফলে তার অধিনায়কত্ব নিয়েও শুরু হয়েছে আলোচনা।

ক্রিকবাজকে আফগান ক্রিকেট বোর্ডের (এসিবি) প্রধান নির্বাহী নাসিব খান বলেন, দলে পরিবর্তন আনা হবে। যদিও অধিনায়ক বদলানোর বিষয়ে



এখনো চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি।

সবশেষ ২০২৪ টি-টোয়েন্টি বিশ্বকাপে আফগানিস্তান সেমিফাইনালে উঠেছিল, যা আইসিসি ইভেন্টে তাদের সর্বোচ্চ সাফল্য। তবে এবার ভারতের আহমেদাবাদে অনুষ্ঠিত আসরে সেই ধারাবাহিকতা বজায় রাখতে পারেনি দলটি।

বিশ্বকাপ শুরুর আগেই কোচিং প্যানেলে পরিবর্তন আনে এসিবি। ব্যাটিং কোচ হিসেবে নিয়োগ দেওয়া হয় টবি র‍্যাডফোর্ডকে। বিশ্বকাপ শেষ হওয়ার আগেই প্রধান কোচ হিসেবে দায়িত্ব দেওয়া হয় রিচার্ড পাইবাসকে, যিনি জোনাথন ট্রটের স্থলাভিষিক্ত হন। পাইবাস প্রয়োজনে দেশে গিয়ে প্রতিভা খুঁজে বের করার কথাও জানিয়েছেন।

নাসিব খানের ভাষ্য, ভবিষ্যতের কথা মাথায় রেখে দল পুনর্গঠন জরুরি। ইতোমধ্যে প্রধান কোচ, ব্যাটিং কোচ ও ট্রেনার পরিবর্তন করা হয়েছে। প্রয়োজন হলে নেতৃত্বেও পরিবর্তন আসতে পারে।

রশিদ খান প্রথমবার ২০১৯ সালে টি-টোয়েন্টি দলের অধিনায়ক হন। ২০২১ বিশ্বকাপের আগে সরে দাঁড়ালেও ২০২২ সালে মোহাম্মদ নবি দায়িত্ব ছাড়ার পর আবার নেতৃত্ব ফিরে পান তিনি। এবার আবারও সেই নেতৃত্ব টিকে থাকবে কি না, সেটিই এখন আলোচনার বিষয়।

এদিকে বিশ্বকাপে ভরাডুবির পর পাকিস্তান জাতীয় ক্রিকেট দল-এর ক্রিকেটারদের বড় অঙ্কের জরিমানার খবরও এসেছে। পাকিস্তানি সংবাদমাধ্যমের দাবি, টুর্নামেন্টে খারাপ পারফরম্যান্সের কারণে আর্থিক শাস্তির মুখে পড়েছেন খেলোয়াড়রা।

৮ মার্চ আহমেদাবাদের নরেন্দ্র মোদি স্টেডিয়াম-এ হবে টি-টোয়েন্টি বিশ্বকাপের ফাইনাল। বিশ্বকাপ শেষে সীমিত ওভারের সিরিজে শ্রীলঙ্কার মুখোমুখি হবে আফগানিস্তান। তিনটি করে ওয়ানডে ও টি-টোয়েন্টি খেলবে দুই দল। সিরিজ শুরু ১৩ ও ২৫ মার্চ।

## ব্যক্তিগত জেটে সৌদি ছাড়লেন রোনালদো



**স্টাফ রিপোর্টার, রোজদিন**


মধ্যপ্রাচ্যের সংঘাতের মধ্যেই ক্রিস্টিয়ানো রোনালদো পরিবারসহ সৌদি আরব ছাড়লেন। ব্রিটিশ সংবাদমাধ্যম দ্যা সান জানিয়েছে, রোনালদো তাঁর জীবনসঙ্গী জর্জিনা রদ্রিগেজ এবং পাঁচ সন্তানকে নিয়ে রিয়াদ থেকে ব্যক্তিগত জেটের মাধ্যমে স্পেনের মাদ্রিদে পৌঁছান। সৌদি আরবে ধারাবাহিক বিস্ফোরণের কারণে আতঙ্ক ছড়িয়ে পড়ার পর এই সিদ্ধান্ত নেওয়া হয়।

রোনালদোর গালফস্ট্রিম জি৬৫০ ব্যক্তিগত জেটের মূল্য প্রায় ৬৭ মিলিয়ন পাউন্ড (প্রায় ১ হাজার কোটি টাকা)। এই 'উড়ন্ত প্রাসাদ' একটানা ৭ হাজার মাইলের বেশি উড়তে সক্ষম এবং এতে ১৫ জন যাত্রী ভ্রমণ করতে পারেন। ফ্লাইট ট্র্যাকিং সাইট ফ্লাইটট্রেডার২৪-এর তথ্য অনুযায়ী, রোনালদোর জেট মিশর ও ভূমধ্যসাগরের ওপর দিয়ে স্পেনে পৌঁছেছে।

নিরাপত্তা ঝুঁকির কারণে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তর মধ্যপ্রাচ্যের এক ডজনের বেশি দেশ থেকে নাগরিকদের দ্রুত সরে যেতে পরামর্শ দিয়েছে। রাতভর রিয়াদের উদ্দেশে যাওয়া বহু ফ্লাইট মাঝপথে ফিরে গেছে। মধ্যপ্রাচ্যজুড়ে যুদ্ধের কারণে হাজার হাজার বিদেশি নাগরিকও অঞ্চল ছাড়ার চেষ্টা করছেন।

মধ্যপ্রাচ্যে যুদ্ধের প্রভাবে সব ধরনের খেলা স্থগিত। এশিয়ান ফুটবল কনফেডারেশন জানিয়েছে, ২০২৫-২৬ চ্যাম্পিয়ন্স লিগ এলিটের পশ্চিমাঞ্চলের শেষ ষোলোর প্রথম লেগের ম্যাচগুলো নতুন সূচিতে অনুষ্ঠিত হবে। এছাড়া ৩ ও ৪ মার্চ হওয়ার কথা থাকা এশিয়ান চ্যাম্পিয়ন্স লিগ টু ও এএফসি চ্যালেঞ্জ লিগের কোয়ার্টার-ফাইনালও আপাতত স্থগিত থাকবে।

## বিশ্বকাপে খেলতে পারবেন না রদ্রিগো



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

রিয়াল মাদ্রিদ ও ব্রাজিল জাতীয় দলের জন্য বড় ধাক্কা। হাঁটুর লিগামেন্ট ছিঁড়ে লম্বা সময়ের জন্য মাঠের বাইরে ছিটকে গেছেন রদ্রিগো। ক্লাবের হয়ে বাকি মৌসুমে এবং আগামী বিশ্বকাপে খেলতে পারবেন না এই ফরোয়ার্ড। ইউরোপের সফলতম ক্লাবটি এক বিবৃতিতে ২৫ বছর বয়সী এই ফুটবলারের চোটের কথা জানায়।

পেশির চোটে এক মাসের বেশি সময় বাইরে থাকার পর গত সোমবার গেতাফের বিপক্ষে ১-০ গোলে হারা ম্যাচ দিয়ে মাঠে ফেরেন রদ্রিগো। লা লিগার ম্যাচটিতে ৫৪তম মিনিটে বদলি নামানো হয় তাকে। ৬৬তম মিনিটে বাম উইংয়ে প্রতিপক্ষ চ্যালেঞ্জ জানালে আরও দ্রুত এগোতে গিয়েই বিপত্তি বাধান তিনি। ব্যথা থাকলেও অবশ্য শেষ পর্যন্ত খেলা চালিয়ে যান এই তারকা।

পরদিন পরীক্ষায় তার গুরুতর চোট ধরা পড়েছে। রিয়াল মাদ্রিদ বিবৃতিতে জানিয়েছে, রদ্রিগোর ডান পায়ের সামনের অ্যান্টেরিয়র ক্রুসিয়েট লিগামেন্ট এবং বাইরের মেনিস্কাস ছিঁড়ে গেছে। সেরে উঠতে কতদিন লাগতে পারে সেই ব্যাপারে কিছু বলা হয়নি ক্লাবের পক্ষ থেকে।

স্প্যানিশ সংবাদমাধ্যমের খবর, ১০ থেকে ১২ মাস মাঠের বাইরে থাকতে হতে পারে রদ্রিগোকে। যুক্তরাষ্ট্র, মেক্সিকো ও কানাডায় অনুষ্ঠেয় বিশ্বকাপের ঠিক ১০০ দিন বাকি থাকতে এলো তার এই চোটের খবর।

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুণ্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR